

💵 মুমিন নারীদের বিশেষ বিধান

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় পরিচ্ছেদ: হায়েয, ইস্তেহাযাহ ও নিফাস সংক্রান্ত বিধান রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: নারী কীভাবে জানবে তার হায়েয শেষ?

উত্তর: রক্ত বন্ধ হলেই বুঝবে হায়েয শেষ। এর দু'টি আলামত:

প্রথম আলামত: হায়েযের পর সাদা পানি বের হওয়া, যা সাধারণত হায়েযের পরই বের হয়, অনেকটা চুনের পানির মত। কখনো তার রঙ হয় না, আবার নারীদের স্বভাব অনুসারে তার রঙ বিভিন্ন হয়।

দ্বিতীয় আলামত: শুষ্ক পদ্ধতি, অর্থাৎ নারী তার যোনি পথে কাপড়ের টুকরো অথবা তুলা দাখিল করবে, অতঃপর বের করলে যদি শুষ্ক বের হয়, তার উপর রক্ত, কুদরাহ ও সুফরার আলামত না থাকে, বুঝবে হায়েয় শেষ।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14692

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন